



“শেখ হাসিনার উদ্যোগ--ঘরে ঘরে বিদ্যুৎ”
কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)
Coal Power Generation Company Bangladesh Limited (CPGCB)
(An enterprise of Government of the People's Republic of Bangladesh)
“আলোকিত দেশ, যত্নে পরিবেশ”



স্মারক নং: ২৭.৩২.০০০০.০০৭.১১.০৮৩.১৭-৭৯৯

তারিখঃ ১২/১০/২০২১ খ্রিঃ

“নিয়োগ বিজ্ঞপ্তি”

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শতভাগ মালিকানাধীন একটি প্রতিষ্ঠান) এর অধীনে নিম্নবর্ণিত পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম এবং মূল বেতন	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়সসীমা
০১।	সহকারী ব্যবস্থাপক (নিরাপত্তা) মূল বেতন: ৫২,০০০/-	০১ (এক)	<ul style="list-style-type: none"> সরকার কর্তৃক স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এইচএসসি/সমমান/তদুর্ধ্ব ডিগ্রী; প্রার্থীকে অবশ্যই সশস্ত্র বাহিনী/বিজিবি এর অবসরপ্রাপ্ত ওয়ারেন্ট অফিসার/সিনিয়র ওয়ারেন্ট অফিসার/মাস্টার ওয়ারেন্ট অফিসার বা বাংলাদেশ পুলিশ এর ইন্সপেক্টর পর্যায়ের কর্মকর্তা হতে হবে; সশস্ত্র বাহিনীর গোয়েন্দা শাখা/নিরাপত্তা বিভাগে কর্ম অভিজ্ঞতাসম্পন্ন এবং প্রতিরক্ষা/আধাসামরিক বাহিনীর আইন প্রয়োগকারী কর্মকর্তাগণ অগ্রাধিকার পাবেন। 	সর্বোচ্চ ৫০ বছর; (২৫/০৩/২০২০ খ্রিঃ এ)

ভাতা ও অন্যান্য সুবিধাঃ

- ক) সিপিজিসিবিএল এর পে-স্কেল-২০১৬ অনুযায়ী বাড়ি ভাড়া, প্রতি বছর ০২(দুই) টি উৎসব বোনাস, নববর্ষ ভাতা, যৌথ ভবিষ্য তহবিল, গ্রুপ ইন্স্যুরেন্স, অর্জিত ছুটি নগদায়ন, গ্রাচুইটি, চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন;
- খ) কর্মকর্তা/কর্মচারী কর্তৃক আয়কর প্রদান করতে হবে।

চাকুরির ধরণঃ

প্রাথমিকভাবে ০৩(তিন) বছরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগযোগ্য এবং সন্তোষজনক কর্মমূল্যায়ন (Performance Appraisal) এর ভিত্তিতে ব্যবস্থাপনা পরিচালক, সিপিজিসিবিএল এর অনুমোদনক্রমে চাকুরির মেয়াদ ৬০(ষাট) বছর বয়স পর্যন্ত নবায়নযোগ্য।

সাধারণ শর্তাবলীঃ

- ১) সরকারি-আধাসরকারি, স্বায়ত্তশাসিত অথবা সরকারি মালিকানাধীন কোম্পানি/প্রতিষ্ঠান এ কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;
- ২) শিক্ষা জীবনের কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী প্রাপ্তদের আবেদন গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে পাসের ক্ষেত্রে জিপিএ-৫ স্কেলে ন্যূনতম-৪.০০ এবং সিজিপিএ-৪ স্কেলে ন্যূনতম-২.৭৫ প্রাপ্ত হতে হবে; বিদেশ থেকে অর্জিত ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের কপি জমা প্রদান করতে হবে;
- ৩) কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করবে এবং বয়স প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;
- ৪) আবেদনপত্র বাছাইয়ের পর শুধু উপযুক্ত হিসাবে বিবেচিত প্রার্থীদের নিয়োগ পরীক্ষায় ডাকা হবে। নির্বাচনী নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
- ৫) কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ এর বিধি-৪.১(এফ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ৬) প্রার্থীর অংশগ্রহণমূলক নেতৃত্বের গুণাবলি থাকতে হবে এবং বাংলা ও ইংরেজিতে যোগাযোগ দক্ষতাসহ কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে;
- ৭) কোন কারণ দর্শানো ব্যতিরেকে সিপিজিসিবিএল কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত/সকল দরখাস্ত বা নিয়োগ প্রক্রিয়া বাতিলের ক্ষমতা রাখে;
- ৮) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের হাস/বৃদ্ধি করার অধিকার সিপিজিসিবিএল কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে সিপিজিসিবিএল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

আবেদন প্রক্রিয়াঃ

- ১) আগ্রহী প্রার্থীগণকে (www.cpgcbl.gov.bd) হতে নির্ধারিত ‘আবেদন ফরম’ সংগ্রহপূর্বক আবেদন করতে হবে এবং আবেদন ফরম ও আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী নিয়োগ প্রক্রিয়া চলমান অবস্থায় ১২/১০/২০২১ হতে ১০/১১/২০২১ খ্রিঃ তারিখ (রাত:-১১.০০ ঘটিকা) পর্যন্ত বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে;
- ২) আগ্রহী প্রার্থীগণকে সিপিজিসিবিএল এর নির্ধারিত আবেদন ফরম (আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী অনুযায়ী পূরণপূর্বক) নিম্নোক্ত কাগজপত্রসহ দাখিল করতে হবে:
 - শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও মার্কসশিট/ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি এবং চাকুরির অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি;
 - চাকুরি হতে অবসর গ্রহণের প্রমাণপত্র (পেনশন বুক এর সংশ্লিষ্ট পৃষ্ঠার ফটোকপি/গ্রহণযোগ্য ডকুমেন্টে);
 - জাতীয় পরিচয়পত্র ও নাগরিক সনদপত্রের ফটোকপি;
 - সদ্যতোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি;
 - “কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)” এর অনুকূলে ১,০০০/- (এক হাজার) টাকার MICR ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
- ৩) আবেদনপত্র অবশ্যই ১১/১১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে [অফিস চলাকালীন সময় (০৯.০০ হতে ০৫.০০ ঘটিকা)] উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম এন্ড এডমিন) (ভারপ্রাপ্ত), সিপিজিসিবিএল এর অনুকূলে প্রেরণ করতে হবে।
- ৪) আবেদনপত্রে কোন ভুল তথ্য পরিবেশন করলে অথবা চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণরূপে সংযোজন করা না হলে এবং নির্ধারিত সময়ের পর পাওয়া গেলে উহা সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোনক্রমেই পরবর্তীতে কোন কাগজপত্র/প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য হবে না।

২২/১০/২১

(মোহাম্মদ মতিউর রহমান)

উপ-মহাব্যবস্থাপক

(এইচআরএম এন্ড এডমিন) (ভারপ্রাপ্ত)

সিপিজিসিবিএল, ঢাকা।